রঘুনাথগঞ্জ শাখায়

## মাত্র ৭৫৲ টাকায় রেডিও

বাকী টাকা কিস্তিতে দেয়

ইলেকট্রনিকের সকল রকম
ট্রানজিষ্টার রেডিওতে নগদ ক্রেতাদের

**বিশেষ কনশেসন**

ধনরাজ পিপাড়া
রঘুনাথগঞ্জ (সদরঘাট), মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৩শ বর্ষ) রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—৩০শে কার্ত্তিক বুধবার, ১৩৭৩ ইং 16th Nov. 1966 (২৬শ সংখ্যা।



সকল ঘরের তরে...

# দীপ্তি লণ্ঠন

ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

## রান্নায় আনন্দ

এই কেরোসিন কুকারটির অভিনব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।

রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।

জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।

- ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
- স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
- যে কোনো অংশ সহজলভ্য।




# খাস জনতা

কেরোসিন কুকার

চমকে চাকচিক্য ও নিপুণতা আধারে।

প্রস্তুতকারক:
দি ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

# খেলা ঘর

স্কুল কলেজের নানাপ্রকার খেলাধুলার সরঞ্জাম,
সর্ব্বপ্রকার প্রসাধন সামগ্রী ও চা বিস্কুট পাইবেন।
পরীক্ষা প্রার্থনীয়।

কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ




স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।

**STUDENTS' FAVOURITE**

Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

৩০শে কার্ত্তিক বুধবার সন ১৩৭৩ সাল।

# ভাই ফোঁটা

কার্ত্তিক মাসের শুক্লা দ্বিতীয়ার নাম ভ্রাতৃ-দ্বিতীয়া। কথিত আছে যে, এই দিবসে যমুনা তাঁহার সহোদর যমরাজকে স্বগৃহে আনয়নপূর্ব্বক অর্চ্চনা করিয়া তাঁহাকে ভোজন করাইয়াছিলেন। এইজন্য কেহ কেহ এই দ্বিতীয়াকে যমদ্বিতীয়া বলিয়া থাকেন। এই দিবসে ভ্রাতা ভগিনী কর্ত্তৃক আমন্ত্রিত হইয়া তদ্দত্ত অন্নাদি গ্রহণ করেন। ভগিনী ভ্রাতাকে নব-বস্ত্রাদি পরিধান করাইয়া তাঁহার কপালে ঘৃত বা চন্দনের ফোঁটা দিয়া থাকেন।

ফোঁটা দিবার সময় ভগিনী বলেন—

"ভাই-এর কপালে দিলাম ফোঁটা
যমের দুয়ারে পড়লো কাঁটা।"

অতঃপর ভগিনী ভ্রাতার হস্তে মিষ্টান্নাদি প্রদান করিয়া জ্যেষ্ঠ কনিষ্ঠাদি ক্রমে প্রণাম বা আশীর্ব্বাদ করেন। পরে অন্নাহারকালে ভগিনী নিম্নোক্ত মন্ত্র বলিয়া ভ্রাতাকে গণ্ডুষ করাইয়া থাকেন।

"ভ্রাতস্তবানুজাতাহং ভুঙ্ক্ষ্ব ভক্তমিদং শুভং।
প্রীতয়ে যমরাজস্য যমুনায়া বিশেষতঃ॥"

ভগিনী জ্যেষ্ঠা হইলে "স্তবানুজাতাহং" স্থলে "স্তবাগ্রজাতাহং" বলিতে হয়।

এই দিবস ভ্রাতাও ভগিনীকে বস্ত্রালঙ্কারাদি দ্বারা সম্মানিতা করিবে। ইহাই শাস্ত্র-বিধি। সহোদরা ভগিনী না থাকিলে অন্যান্য সম্পর্কীয়া ভগিনীগণ দ্বারা পূজিত হইবার বিধি আছে। প্রথমতঃ খুড়তুত জ্যেঠতুত ভগিনীর, দ্বিতীয়তঃ মামাতঃ ভগিনীর, তৃতীয়তঃ মাসতুত পিসতুত ভগিনীর নিকট হইতে ফোঁটা ও আহার্য্য গ্রহণ করা বিধেয়।

## বি-টি পরীক্ষায় সাফল্য

জঙ্গিপুর বারের অন্যতম উকিল স্বর্গীয় প্রতাপ-চন্দ্র দাস মহাশয়ের পৌত্রী রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা শ্রীমতী আনন্দময়ী দাস গত বৎসর ইকনমিকস্-এ অনার্স পরীক্ষা দিয়া সাফল্য লাভ করিয়াছিলেন। এ বৎসর তিনি কলিকাতা গভর্ণমেণ্ট কলেজ হইতে বি-টি পরীক্ষা দিয়া প্রথম শ্রেণীতে উত্তীর্ণা হইয়াছেন জানিয়া আমরা আনন্দিত হইলাম।

## রিক্সার টিকিট

সংবাদে প্রকাশ—২২৫নং রিক্সার প্যাডলার শ্রীনগেন্দ্রনাথ হালদার ছয় মাস পূর্ব্বে ট্যাক্সের টাকা আদায়কারীকে দেওয়া সত্ত্বেও উহা মিউনিসিপ্যাল তহবিলে জমা হয় নাই। শ্রীতারাপদ হালদার ও শ্রীগৌরাঙ্গ হালদার ৩৬৫নং টিকিটের বলে উভয়ে দুইখানি রিক্সা চালাইতেছে বলিয়া জানা গিয়াছে। একজনের টিকিট আছে ও একজনের একখানি রোকা ( চিরকুট ) আছে। উপরোক্ত বিষয়ে মিউনিসিপ্যালিটীর সুযোগ্য চেয়ারম্যান মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

## জঙ্গিপুর সম্মিলনী
### বিজয়া উৎসব

আগামী ২০শে নভেম্বর রবিবার সন্ধ্যা ৫-৩০ মিনিটে ১/২এ কলেজ স্কোয়ার 'ষ্টুডেণ্টস্ হলে" জঙ্গিপুর সম্মিলনীর বিজয়া-উৎসব অনুষ্ঠিত হইবে। উৎসব সমিতির সভাপতি জঙ্গিপুর ছোটকালিয়াই নিবাসী শ্রীননীগোপাল দাস মহাশয় সম্মিলনীর সভ্যগণ ও বিশিষ্ট ভদ্রমহোদয়গণকে আমন্ত্রণ করিয়াছেন।

## রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয় সম্বন্ধে

১৬ই নভেম্বর '৬৬ বুধবার একাদশ শ্রেণীতে মাত্র প্রথম ঘণ্টা পড়ান হইয়াছে। দ্বিতীয় ঘণ্টার শিক্ষক অনুপস্থিত, তৃতীয় ঘণ্টার শিক্ষক ( সহকারী প্রধান শিক্ষক ) কার্ত্তিক পূজা উপলক্ষে উপবাস করায় পড়া'তে সক্ষম হন নি। প্রহসন আর কা'কে বলে? কার্য্যনির্ব্বাহক সমিতির মাননীয় সভ্যগণ সজাগ হউন।

## রঘুনাথগঞ্জ সরাইখানার পুকুর ও আমগাছ

বিগত ১৬ই কার্ত্তিকের "জঙ্গিপুর সংবাদে" সরাইখানার দালান সম্বন্ধে সরাই কর্ত্তৃপক্ষ ও জঙ্গিপুরের মহকুমা শাসক মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করিয়াছি। সরাইখানার পুকুরের বাঁধান ঘাট ভাঙ্গিয়া গিয়াছে এবং পুকুরের পারের প্রায় ১১টী আমগাছের শিকড় বাহির হইয়া গিয়াছে। পুকুরের মাটি তুলিয়া আমগাছগুলির গোড়ায় দিলে গাছ-গুলির উপকার হইবে ও পুকুরে জল থাকিবে। তত্ত্বাবধান অভাবে কে বা কাহারা কয়েকটী আম-গাছের ডাল কাটিয়া লইয়াছে। অচিরে তদন্ত করিলে উহা দেখিতে পাইবেন।

## কাঁচকলা
### সু—মো—দে

বঙ্গীয় সাহিত্য পরিষৎ মেদিনীপুর শাখায় ৫৪তম (১৩৭২-১৯৬৬) বার্ষিক অধিবেশন উপলক্ষে আয়োজিত কবিতা প্রতিযোগিতায় ( মৌলিক হাস্যরসাত্মক ) এই কবিতাটি সর্ব্বশ্রেষ্ঠ বিবেচিত হওয়ায় প্রথম স্থান অধিকার করিয়া চ্যালেঞ্জ কাপ ও প্রশংসাপত্র এবং পুরস্কার লাভ করিয়াছে।

চালের বদলে কাঁচকলা খাই সার্থক এ-জীবন,
জীবন শিকড় মান মর্য্যাদা বাঙালীর বাছাধন।
এতোদিন ছিলে রোগীদের ঘরে
সমাজে থাকিতে হেয় অনাদরে,
এবে জাতে উঠে কুলীন গণ্য রাষ্ট্রীয় প্রমোশন।
কাঁচকলা খাও দেখ ও দেখাও
অপচয় আর খাদ্য কমাও,
হাতে কাজ করো সেই সাথে গাও কাঁচকলা কীর্ত্তন
কৃতঘ্ন মোরা করিনি আদর
আইরনে ভরা সবুজ নধর,
কাঁচকলা খেয়ে ফল পাই দেখা মথুরা বৃন্দাবন।
গাছেতে তোমরা থাকো ঝাঁকে ঝাঁকে
কাঁচকলা স্বাদে ভুলি বাবা মাকে,
কাঁচকলা খেয়ে ফল পাই হাতে তীর্থের দর্শন।
চালের বদলে কাঁচকলা খাই সার্থক এ-জীবন।

# প্রত্যহ মির্জ্জাপুরের চাউলের আড়তগুলি হইতে হাজার হাজার মণ চাউল ট্রাকযোগে বারাসত, মধ্যমগ্রাম, কৃষ্ণনগর ও অন্যান্য স্থানে চালান হইতেছে এবং রাত্রের গয়া আপ ট্রেণে বিহার চালান হইতেছে।

**উপরোক্ত বিষয়ে আমরা মুর্শিদাবাদের জেলা-শাসক ও জঙ্গিপুরের মহকুমা শাসক মহোদয়দ্বয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।**

## সন ১৩৭২ সালের সদরঘাটের সার্ব্বজনীন দুর্গোৎসবের ও কালী পূজার আয় ব্যয়ের হিসাব

—•—

জমা—মোট চাঁদা আদায় ৪০২·৬০, কালীপূজার উদ্বৃত্ত তহবিল ২০·০০, ননীগোপাল সেন অতিরিক্ত জমা ২০·৬৯, মোট জমা—৪৪৩·২৯

খরচ—প্রতিমা ৮৭·৫০, পূজামণ্ডপ বাবদ ৬০·৭৫ পূজার খরচ ও প্রসাদ বিতরণ ১৭৮·৯৯, আলোক-সজ্জা ২৩·০০, প্রতিমা নিরঞ্জন ৩২·৭০, বাদ্য ২৪·০০, লক্ষ্মী পূজা ২৩·৯৯, বিবিধ ১২·৩৬, মোট খরচ—৪৪৩·২৯

কালী পূজা

জমা—চাঁদা আদায় ১১৬·৭৯, বাদ খরচ ৯৬·৭৯ উদ্বৃত্ত ২০·০০

খরচ—প্রতিমা ১০·০০, পূজার খরচ ৭১·১১ মণ্ডপ খরচ ৭·২৫, প্রতিমা নিরঞ্জন ৮·৪৩, মোট খরচ ৯৬·৭৯

হিসাব পরীক্ষক—শ্রীবিশ্বেশ্বর চক্রবর্ত্তী
শ্রীপ্রণবকুমার ব্যানার্জী

১৪-১০-৬৬ সম্পাদক—শ্রীননীগোপাল সেন

---

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে মুক্তহস্তে দান করুন**

## বেগুনের দর আগুন

রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরের তরিতরকারীর বাজারে দিন কয়েক বেগুনের দর ৩০ পয়সা কে-জি ছিল। প্রত্যহ ফরাক্কা, ধুলিয়ান ও লালগোলার পাইকারেরা বেগুন চালান দেওয়ার জন্য দর দ্বিগুণ (৬০ পয়সা কে-জি) হইয়াছে। অপরন্ত কিং ভবিষ্যতি। স্থানীয় মার্কেটিং অফিসার ইহা লক্ষ্য করিয়াছেন কি?

## পাঠচক্র স্থাপন

বালক সমিতি পরিচালিত পাঠচক্র স্থাপনের সাহায্যকল্পে গত ১১ই নভেম্বর '৬৬ তারিখে যে পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হইয়াছিল, তাহার উদ্বৃত্ত অর্থ হইতে বর্ত্তমানে কতকগুলি খেলার সরঞ্জাম ক্রয় করা হইয়াছে। ইহাও পাঠচক্রের অন্তর্ভুক্ত বলিয়া কমিটি মতামত গ্রহণ করিয়াছেন।

সেক্রেটারী—
রঘুনাথগঞ্জ বালক সমিতি।

## 'সত্যনারায়ণ' মোটর বাস

'সত্যনারায়ণ' মোটর বাস প্রত্যহ সকাল ৭-১৫ মিনিটে রঘুনাথগঞ্জ সদরঘাট হইতে ছাড়িয়া বেলা ৮-৩০ মিনিটে ধুলিয়ান ও বেলা ১০ ঘটিকায় ফরক্কা পৌছিবে। পুনরায় বেলা ২-৩০ মিনিটে ফরক্কা হইতে ছাড়িয়া সন্ধ্যা ৫-৩০ মিনিটে রঘুনাথগঞ্জ পৌছিবে।

## প্রাপ্ত

সম্পাদক 'জঙ্গিপুর সংবাদ' পত্রিকা
রঘুনাথগঞ্জ

মহাশয়,

আমার অভিযোগটী আপনার স্থানীয় সংবাদ-পত্রে প্রকাশ করিলে বাধিত হইব।

স্থানীয় পোষ্ট অফিসে আজ ১৪-১১-৬৬ তারিখে বেলা ২-৫৫ মিনিটের সময় মনি-অর্ডার করিতে গিয়া দেখি উক্ত অফিসের কতিপয় কর্ম্মচারী খুব হট্টগোল করিতেছেন। মনি-অর্ডার কাউণ্টারে শ্রীশ্যামসুন্দর দাস মহাশয় বর্ত্তমান 'পোষ্টাল ষ্ট্রাইক' এ তাঁকে কিছু বলিতে বলিলে কিভাবে 'শ্লোগান' দিবেন তার রিহারস্থাল একটি কাগজে লিখা হইতে বেশ উত্তেজনার সহিত আবৃত্তি করিতেছিলেন। তাঁহার আবৃত্তি থামিলে হাততালি হয়—হৈ হুল্লোড়ে অফিস ঘর গম গম করিতে থাকে। আমি তখন তাঁর দৃষ্টি আকর্ষণ করিয়া মনি-অর্ডার ফরম ও টাকা কাউণ্টারে রাখিয়া নিতে বলিলে শ্রীসনৎ বাবু ভিতর হইতে বলেন আজ আর হবে না তিনটা প্রায় হয়ে গেল। বহরমপুর বন্ধ করে দিয়েছে ফোন এলো। আজ ষ্ট্রাইক। তখন আমি পোষ্ট মাষ্টার মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিতে ভিতরে প্রবেশ করিতে গিয়া দেখি তিনটা বাজিতে দেরী আছে। তিনটা বাজে নাই বলিলে শ্রীসনৎ বাবু বলেন আজ আর হবে না ষ্ট্রাইক চলছে। আমি বিফল হইয়া সরকারী কর্ম্মচারীদের ব্যাপারে তাজ্জব হইয়া ফিরিয়া এলাম ও পোষ্ট অফিসে বা পার্শ্ববর্তী দোকানে উপস্থিত লোকদের ঘটনার কথা জানাই। কর্ম্মচারীরা দলবদ্ধভাবে সরকারের ঘরে বসে সরকারের ধ্বংসের চেষ্টায় লম্ফ ও তাহার শ্লোগান আবৃত্তিতে ব্যস্ত থাকিয়া জনসাধারণের অশেষ দুর্দ্দশার সৃষ্টি করিতেছেন। কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিয়া প্রতিকার প্রার্থনা করি। ইতি—

১৪-১১-৬৬ বিনীত—শ্রীশিবচন্দ্র রুদ্র, রঘুনাথগঞ্জ

## জমি বিক্রয়

রঘুনাথগঞ্জ শহরে নূতন মহকুমা হাসপাতালের উত্তর দিকে উত্তর ও পশ্চিমে মিউনিসিপ্যালিটীর পাকা রাস্তা সংলগ্ন পূর্ব্ব ও পশ্চিমে প্রায় ১০ ফুট রাস্তা বাদে গৃহ নির্ম্মাণোপযোগী ২/৩ কাঠা প্লট হিসাবে জমি বিক্রয় হইতেছে। প্রতি প্লটের সম্মুখে মিউনিসিপ্যাল রাস্তা সংলগ্ন প্রায় ১০ ফুট রাস্তা থাকিবে। নিম্নে খোঁজ করুন।

শ্রীদিগম্বর চট্টোপাধ্যায়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ

(সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২)



---

অম্বলের যম **আরকানা** অম্বলের যম

অম্লশূল, পিত্তশূল, টক-বমি, অজীর্ণ, কোষ্ঠকাঠিন্য, লিভার ব্যথা ও যাবতীয় পেটবেদনায় আশু ফলপ্রদ সকল সম্ভ্রান্ত ঔষধালয়ে পাইবেন।

## ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেণ্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং ***বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি*** ইত্যাদি ও **অঞ্চল** পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

***সর্ব্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়***

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৫
ফোন: ৫৫-৪৩৬৬

---

## আর. পি. ওয়াচ কোং

পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।

ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

***ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের***

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

---

হাতে কাটা

## বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

***জঙ্গিপুর সংবাদ*** সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)